

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি  
সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
hsp.sedp@gmail.com




স্মারক নং-এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/৩৮৮

তারিখ: ০২.১২.২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় HSP-MIS এ এন্ট্রিকৃত শিক্ষার্থীর তথ্য উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক অনলাইনে পিএমইএটি/এইচএসপি অপশনে প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের বাস্তবায়নামীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২০ সালের ৬ষ্ঠ ও ৯ম এবং ২০১৯-২০ শিক্ষাবর্ষের ১১শ শ্রেণির উপবৃত্তিযোগ্য শিক্ষার্থীদের তথ্য HSP-MIS এ এন্ট্রি সম্পন্ন হয়েছে। উক্ত শিক্ষার্থীদের তালিকা যাচাই করে সঠিক তালিকা উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক ২৬.১১.২০২০ তারিখের মধ্যে পিএমইএটি/এইচএসপি অপশনে অনলাইনে প্রেরণের জন্য নির্ধারিত ছিল। কোন কোন উপজেলায় প্রতিষ্ঠান সংখ্যা বেশি হওয়ার এবং কিছু প্রতিষ্ঠান থেকে অসম্পূর্ণ/ভুল তথ্য প্রেরণ করায় তা যাচাই করতে অতিরিক্ত সময় প্রয়োজন বিধায় অনেক উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সময় বৃদ্ধির জন্য অনুরোধ জানিয়েছেন। বর্ণিতাবস্থায় উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক শিক্ষার্থীর তালিকা যাচাইপূর্বক অনলাইনে পিএমইএটি/এইচএসপি অপশনে প্রেরণের সময়সীমা আগামী ১০.১২.২০২০ তারিখ বৃহস্পতিবার পর্যন্ত বৃদ্ধি করা হলো।

উপবৃত্তি সংক্রান্ত যেকোন তথ্যের জন্য মাধ্যমিক/সমমান পর্যায়ে (hsp.stipend@gmail.com) ও উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে (hs.stipend@gmail.com) ই-মেইলে যোগাযোগ করার অনুরোধ করা হলো।

  
(শরীফ মোর্তজা মামুন)  
স্কিম পরিচালক  
ফোন : ০২-৯৫৬৩৪১২


উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা

উপজেলা/থানা :..... জেলা :.....।

স্মারক নং-এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/৩৮৮(৪৮২)/৩/২ তারিখ: ০২.১২.২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৪। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
- ০৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ০৬। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ০৭। প্রতিষ্ঠান প্রধান (স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান)।
- ০৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯। সংরক্ষণ নথি।

  
(শ.ম. সাইফুল আলম)  
উপপরিচালক  
ফোন : ০২-৯৫৫৮০৫৯